

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারকনং-৩৪.০১.০০০০.০২৯.২৯.৫৫০.১৭- ৩৩৩

তারিখঃ

৩ সেপ্টেম্বর, ১৪২৪ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ- উন্নয়ন মেলা ২০১৮ উপলক্ষে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সংক্রান্ত কার্যক্রম প্রসংগে।

এ মর্মে সকলেই অবগত আছেন যে আগামী ৯, ১০ ও ১১ জানুয়ারী ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে ১৪-১২-২০১৭ খ্রিঃ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। এ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সংক্রান্ত নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।

ক) যুব উন্নয়ন অধিদপ্তরের স্তলে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আপডেট তথ্য (সংশ্লিষ্ট জেলা / উপজেলার তথ্য এবং সার্বিক তথ্য) বোর্ডে স্থাপন করতে হবে। সামগ্রিক তথ্য সংযুক্তি - ক তে প্রদান করা হ'ল।

খ) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপর ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেল কর্তৃক প্রস্তুতকৃত ব্রসিয়ার প্রদান করা হলো যা আত্মহী দর্শনার্থীদের মাঝে বিতরণ করা যেতে পারে।

গ) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপর অধিদপ্তর কর্তৃক নির্মিত ডকুমেন্টারী উন্নয়ন মেলায় প্রচারের ব্যবস্থা করতে হবে (ডকুমেন্টারী সিডি প্রদান করা হলো)।

ঘ) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপর আলোচনার আয়োজন করতে হবে। বিশেষতঃ বরিশাল, ময়মনসিংহ, জামালপুর, কুমিল্লা, চাঁদপুর, রংপুর গাইবান্ধা, শরিয়তপুর, খুলনা, সাতক্ষীরা প্রভৃতি জেলায় আলোচনা সভার আয়োজন নিশ্চিত করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে মেলা উপলক্ষে আয়োজিত নিয়মিত আলোচনা সভায় ন্যাশনাল সার্ভিসকে প্রতিপাদ্য করা যেতে পারে। আলোচনা সভায় মন্ত্রণালয় কিংবা অধিদপ্তরের প্রতিনিধিকে আহ্বান জানানো যেতে পারে।

অতএব বর্ণিত বিষয়ে যথাসমীচীন ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপকঃ উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর ----- জেলা।

(আবুল হাছান খান)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)
যুব উন্নয়ন অধিদপ্তর
ফোনঃ ৯৫৬০৭০৩
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি

অনুলিপি :

- ১। যুগ্ম সচিব (যুব-২) ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, -----জেলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা-----জেলা।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর -----উপজেলা-----জেলা।
- ৫। অফিস কপি।